05307

I-5490/11

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000

पाँच हजार रुपये

Rs.5000

FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

पश्चिमबङ्গ पश्चिम बंगाल WEST BENGAL

A 106101

Certified that the document is admitted to registration. the signature sheets and the endorsement sheets attached with this document are part of this document

2015/4
12-25

থানা মগরাহাট মৌজা গোবিন্দপুর ও বেনীপুর ।
জমি কমবেশী ১৩০ শতক ।
মুল্য ৬,৫০,০০০.০০ টাকা
নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা ।

==============================

20 JUL 2011

কোবালা গ্রহীতা ঃ--

==============

মাস এডুকেশন টিচাস্ ট্রেনিং ইন্স্টিটিউট

এর পক্ষে সভাপতি শ্রী সুকুমার সিং,পিতা মৃত কেশব সিং ।
জাতি হিন্দু,ভারতীয় নাগরিক পেশা সমাজসেবা । সাকিন --
মহামায়াতলা,গড়িয়া,থানা সোনারপুর,জেলা দক্ষিন ২৪ পরগনা,
কলকাতা ৭০০০৮৪ ।

============================================

*Certificate of Registration under section 60 and Rule 69.*

**Registered in Book - I**
**CD Volume number 18**
**Page from 3492 to 3505**
**being No 05490 for the year 2011.**

Seal of the District Sub-Registrar IV, South 24 Pargana, South 24 Parganas

(Dulal Chandra Saha) 21-July-2011
DISTRICT SUB-REGISTRAR-IV
Office of the D.S.R.-IV SOUTH 24-PARGANAS
West Bengal

**Government of West Bengal**
**Department of Finance (Revenue) ,Directorate of Registration and Stamp Revenue**
**Office of the D.S.R.-IV SOUTH 24-PARGANAS, District- South 24-Parganas**
**Signature / LTI Sheet of Serial No. 05307 / 2011, Deed No. (Book - I , 05490/2011)**

I . Signature of the Presentant

| Name of the Presentant | Signature with date |
|---|---|
| Sukumar Singh | Sukumar Singh 20/7/2011 |

II . Signature of the person(s) admitting the Execution at Office.

| Sl No. | Admission of Execution By | Status | Photo | Finger Print | Signature |
|---|---|---|---|---|---|
| 1 | Sukumar Singh<br>Address -Mahamayatala,<br>Thana:-Sonarpur,<br>District:-South 24-Parganas,<br>WEST BENGAL, India, P.O. :-<br>Pin :-700084 | Self | <br>20/07/2011 | <br>LTI<br>20/07/2011 | Sukumar Singh |

**Name of Identifier of above Person(s)**
Abdul Rasid Haldar
Sonarpur, Thana:-Sonarpur, District:-South
24-Parganas, WEST BENGAL, India, P.O. :-

**Signature of Identifier with Date**

**(Dulal ChandraSaha)**
**DISTRICT SUB-REGISTRAR-IV**
**Office of the D.S.R.-IV SOUTH 24-PARGANAS**

 **20/07/2011**

**Government Of West Bengal**
**Office Of the D.S.R.-IV SOUTH 24-PARGANAS**
**District:-South 24-Parganas**

## Endorsement For Deed Number : I - 05490 of 2011
## (Serial No. 05307 of 2011)

**On**

**Payment of Fees:**

**On 20/07/2011**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 23 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs.10/-

**Payment of Fees:**

Amount By Cash

Rs. 20272/-, on 20/07/2011

( Under Article : A(1) = 20240/- ,H = 28/- ,M(b) = 4/- on 20/07/2011 )

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs.-1840216/-

Certified that the required stamp duty of this document is Rs.- 92011 /- and the Stamp duty paid as: Impresive Rs.- 5000/-

**Deficit stamp duty**

Deficit stamp duty

1. Rs. 49000/- is paid, by the draft number 153942, Draft Date 20/07/2011, Bank Name State Bank of India, ALIPORE COURT TREASRY BR, received on 20/07/2011
2. Rs. 38035/- is paid, by the draft number 153943, Draft Date 20/07/2011, Bank Name State Bank of India, ALIPORE COURT TREASRY BR, received on 20/07/2011

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 12.25 hrs on :20/07/2011, at the Office of the D.S.R.-IV SOUTH 24-PARGANAS by Sukumar Singh ,Executant.

**Admission of Execution(Under Section 58,W.B.Registration Rules,1962)**

Execution is admitted on 20/07/2011 by

1. Sukumar Singh
   Secretary, Mass Education & Iskil For Instrigated Range, Sonarpur, Thana:-Sonarpur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :- .
   , By Profession : Others

   Identified By Abdul Rasid Haldar, son of Late Rowsan Ali Haldar, Sonarpur, Thana:-Sonarpur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :- , By Caste: Muslim, By Profession: Deed Writer.

**( Dulal ChandraSaha )**
**DISTRICT SUB-REGISTRAR-IV**

# Government Of West Bengal

Office Of the D.S.R.-IV SOUTH 24-PARGANAS
District:-South 24-Parganas

## Endorsement For Deed Number : I - 05490 of 2011

(Serial No. 05307 of 2011)

( Dulal Chandra Saha )
DISTRICT SUB-REGISTRAR-IV

Seal of the Dist. Sub-Registrar-IV South 24 Parganas

( Dulal ChandraSaha )
DISTRICT SUB-REGISTRAR-IV

**<u>SITE PLAN OF</u>**


**<u>MOUZA-BENIPUR, J.L. NO. L.R.-144, DAG NO. L.R.-1848, L.R. KH. NO.-1788, AREA OF LAND AS PER L.R. RECORD-12 DEC.=480 SQ.M., P.S.-MAGRAHAT, DIST.-SOUTH 24 PARGANAS.</u>**

**<u>AND</u>**

**<u>MOUZA-GOBINDAPUR, J.L. NO. L.R.- 169 , DAG NO. L.R.- 291,292, L.R. KH. NO.-1135, 291-AREA OF LAND AS PER L.R. RECORD-57 DEC.=2280 SQ.M., 292-AREA OF LAND AS PER L.R. RECORD-61 DEC.=2440 SQ.M., P.S.-MAGRAHAT, DIST.-SOUTH 24 PARGANAS.</u>**

**<u>SCALE : 1"=60' (Apr.)</u>**

**<u>DAG NO.-1848, 291 & 292-TOTAL AREA OF LAND- 130 DEC. = 5200 SQ.M.</u>**




Drawn By
Md. Jiaul Haque Dhali
Dakshin Barasat Station Road
S.P. No.-873 (C.P.T.S.S.)
Midnapore
22/05/11

কোবালা দাতা ঃ--

================

মাস এডুকেশন এবং ইস্কীল ফর ইনস্টিগ্রেটেড রেঞ্জ এর পক্ষে সম্পাদক শ্রী সুকুমার সিং,পিতা মৃত কেশব সিং । জাতি হিন্দু ভারতীয় নাগরিক,পেশা সমাজসেবা । সাকিন মহামায়াতলা,(গড়িয়া)থানা সোনারপুর,জেলা দক্ষিন ২৪ পরগনা,কলকাতা ৭০০০৮৪

---

কস্য রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের সর্বপ্রকার হস্তান্তর যোগ্যের কমবেশী ১৩০ শতক পরিমিত জমি জমা সম্পুর্ন নির্দ্দায়,নির্দোষ ও পরিস্কার অবস্থায় বিক্রয়ের নিঃস্বত্ব সাফ কোবালা পত্রমিদং কার্য্যাঞ্চাগে ঃ----

জেলা দক্ষিণ ২৪ পরগনা, থানা ও এ্যাডিংসাবরেজিষ্ট্রী অফিস মগরাহাট এলাকাধিন,পরগনা বরিদহাটী,মৌজা গোবিন্দপুর গ্রামে অবস্থিত নিম্ন তপশীলে বর্নিত হাল বা আর,এস, ৩৪২ নং খতিয়ানভুক্ত এল,আর, ১১৩৫ নং খতিয়ানের অন্তর্গত হাল বা আর,এস, এবং হল্কা ২৯১ নং দাগে ৫৭ শতক ডাঙ্গা জমি এবং আর,এস, বা হাল এবং হল্কা ২৯২ নং দাগে ৬১ শতক ডাঙ্গা জমি অর্থাৎ গোবিন্দপুর মৌজাস্থিত দুইটি দাগে মোট ১১৮ শতক জমি এবং থানা মগরাহাট এলাকাধীন বেনীপুর মৌজার অন্তর্গত হাল বা আর,এস, ৯৮৩ নং খতিয়ানভুক্ত এল,আর- ১৭৮৮ নং খতিয়ানের অন্তর্গত সাবেক ১৫৪৭ নং দাগ, হাল বা আর,এস এবং হল্কা ১৮৪৮ নং দাগে ১২ শতক শালি জমি সহ উপরোক্ত দুইটি মৌজার অন্তর্গত তিনটি দাগভুক্ত যাহা অত্র দলিল সংলগ্ন ও সংযুক্ত নকসায় লাল রঙ দ্বারা সীমারেখা পরিবেষ্টিত মাপসুরত সর্বমোট কমবেশী ১৩০ পরিমিত ডাঙ্গা ও শালি জমি জমা মায় যাবতীয় ব্যবহারিক ইজমেন্ট স্বত্বাদি সমেত সম্পত্তি অত্র কোবালার দ্বারা বিক্রীত সম্পত্তি হইতেছে ।

উক্ত ও নিম্ন তপশীল বর্নিত বিক্রীত জমির মধ্যে গোবিন্দপুর মৌজাস্থিত হাল ৩৪২ নং খতিয়ানভুক্ত ২৯১ নং দাগ এবং হাল ২৯২ নং দাগের জমি জমা সাং ১/৫,বামনপাড়া লেন,কলকাতা১৯ নিবাসী জনৈক প্রফুল্ল কুমার চট্টোপাধ্যায় মহাশয় বিগত ইংরাজী ০৯/০৭/১৯৭৭ সাল তারিখে আলিপুর রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ৩৭২০ নং দলিল দ্বারা তৎকালীন মালিক ---

স্বত্বাধিকারী শ্রী নির্মল কুমার মৈত্র মহাশয়ের নিকট হইতে খরিদ করিয়া ভোগ দখলীকার থাকাকালে বিক্রয় করিতে চাহিলে অত্র কোবালা দাতা উক্ত ২৯১ নং দাগের অন্তর্গত ২৮ শতক জমি বিগত ইংরাজী ০২/১২/১৯৮১ সাল তারিখে মগরাহাট রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ৬৯৪০ নং দলিল দ্বারা উক্ত ২৯১ নং দাগের আরো ২৯ শতক জমি ঐ তারিখে ঐ অফিসে রেজিষ্ট্রীকৃত ৬৯৩৫ নং দলিল দ্বারা খরিদ করি এবং হাল ২৯২ নং দাগের অন্তর্গত ৩১ শতক জমি বিগত ইংরাজী ০২/১২/১৯৮১ সাল তারিখে মগরাহাট সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ৬৯৪৩ নং দলিল দ্বারা এবং উক্ত ২৯২ নং দাগের আরো ৩০ শতক জমি ঐ তারিখে ঐ অফিসে রেজিষ্ট্রীকৃত বুক নং ১, ভল্যুম নং ৫৯,পাতা ২২৭ হইতে ২৭৯ নং পাতায় লিপিবদ্ধ ৬৯৪৫ নং দলিল দ্বারা খরিদ করি ।

এবং উক্ত বেনীপুর মৌজার অন্তর্গত হাল ৯৮৩ নং খতিয়ানভুক্ত হাল ১৮৪৮ নং দাগের ১২ শতক জমি জমার তৎকালীন মালিক ও স্বত্বাধিকারী ১। শ্রীমতী গঙ্গাবালা দাসী এবং শ্রী শীতল চন্দ্র নস্কর একযোগে বিক্রয় করিতে চাহিলে আমি বিগত ইংরাজী ৫/৬/১৯৮৯ সাল তারিখে মগরাহাট সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত বুক নং ১, ভল্যুম নং ২৮,পাতা ১৬৭ হইতে ১৭২ নং পাতায় লিপিবদ্ধ ২৮৭৯ নং দলিল দ্বারা ০৫ শতক জমি খরিদ করি এবং উক্ত হাল ১৮৪৮ নং দাগের আরো ০৭ শতক জমি ঐ তারিখে উক্ত অফিসে রেজিষ্ট্রীকৃত বুক নং ১, ভল্যুম নং ২৮,পাতা ১৯৯ হইতে ২০৪ নং পাতায় লিপিবদ্ধ ২৮৮৬ নং দলিল দ্বারা খরিদ করি। সেমতে অত্র কোবালা দাতা আমি উপরোক্ত মগরাহাট থানার অন্তর্গত গোবিন্দপুর মৌজার হাল ২৯১,২৯২ নং দাগে মোট ১১৮ শতক জমি এবং বেনীপুর মৌজার অন্তর্গত হাল ১৮৪৮ নং দাগে ১২ শতক অর্থাৎ দুইটি মৌজার অন্তর্গত তিনটি দাগে মোট ১৩০ শতক জমি জমা খরিদ সূত্রে প্রাপ্ত হইয়া উক্ত জমি জমা বর্তমান এল,আর,বা হল্কা জরিপে আমার স্বনামে শুদ্ধভাবে রেকর্ডভুক্ত করাইয়া মালিক সরকারে ধার্য্য খাজনাদি আদায়ে অন্যের বিনা সংশ্রবে নির্ব্বিবাদে খাষে ভোগদখলীকার আছি ও হইতেছি। উহাতে আমার বিক্রয়যোগ্য উত্তম স্বত্ব ও অধিকার আছে ।

বর্তমানে কোবালা দাতা আমার নানাবিধ ন্যায় সঙ্গত ও বৈধ কারনে নগদ অর্থের আবশ্যক হওয়ায় আমার সংস্থার নামিয় খরিদা স্বত্ব দখলীয় উক্ত ও নিম্ন তপশীল বর্নিত এবং অত্র সহ নকসায় লাল রঙ দ্বারা সীমারেখা পরিবেষ্টীত ১৩০ শতক জমি উক্ত প্রতিষ্ঠানের পক্ষে আমি বর্তমান বাজার উচিত মূল্য সর্বমোট বা বেলমোক্তা ৬৫০,০০০.০০ টাকায় বিক্রয় করিবার --

Sulemun Singh

ঘোষনা করিলে অত্র কোবালার ক্রেতা বা গ্রহীতা আমার প্রস্তাবে সম্মত হইয়া উক্ত সম্পত্তি উক্ত মূল্যে খরিদ করিতে স্বীকৃত হইলে কোবালা দাতা অদ্য তারিখে কোবালা গ্রহীতার নিকট হইতে নিম্ন টাকার জায় মোতাবেক স্বাক্ষীগনের সম্মুখে বিক্রয় মূল্যের সাকুল্য ৬,৫০,০০০.০০ টাকা গ্রহন করিয়া ও উক্ত অর্থের প্রাপ্তি স্বীকার করিয়া উক্ত ও নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি কোবালা দাতা অত্র কোবালা গ্রহীতাকে চিরতরে বিক্রয় করিলাম এবং অত্র দলিল কোবালা গ্রহীতার অনুকুলে স্বাক্ষীগনের সম্মুখে সহি সম্পাদন করিয়া দিয়া এতদ্বারা স্বীকার,অঙ্গীকার,প্রকাশ ও প্রচার করিতেছি যে, কোবালা গ্রহীতা আপনি অদ্য হইতে বিক্রীত সম্পত্তিতে কোবালা দাতার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলে কায়েম দখলকার হইয়া মালিক সরকারে ও পঞ্চায়েতে কোবালা দাতার স্থলে কোবালা গ্রহীতার নিজ নাম পত্তন করিয়া খাজনাদি ও ধার্য্য ট্যাক্সাদি যথারীতি আদায়ে নিজ নামে দাখিলাদি গ্রহনে দান, বিক্রয়, বন্ধক, গৃহাদি নির্ম্মান,বৃক্ষাদি রোপন ইত্যাদি সর্বপ্রকার হস্তান্তর এবং রুপান্তর করনের সার্বভৌম অধিকারযুক্তে ও ক্ষমতা পরিচালনের দ্বারা ভাবি পুত্র,পৌত্রাদি এবং ওয়ারিশান ও স্থলাভিষিক্তগনক্রমে যথেচ্ছাক্রমে পরম সুখে ভোগদখল করিতে থাকুন ও থাকিবেন । তাহাতে কোবালা দাতা আমি বা আমার ওয়ারিশান ও স্থলাভিষিক্তগনক্রমে কখনো কোন প্রকার ওজর আপত্তি করিতে পারিব না বা পারিবেক না । যদি আমি বা আমার ওয়ারিশান স্থলাভিষিক্ত গনক্রমে কখনো কোন প্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়া করি বা কেহ করে তাহা সর্বত্র ও সর্বাদালতে অগ্রাহ্য,বাতিল ও নামন্জুর হইবে ।

নিম্ন তপশীল বর্নিত বিক্রীত সম্পত্তিতে কোবালা দাতার যে কিছু স্বত্ব স্বামিত্ব,দখল, অধিকার,লভ্য,হক,হকুকাদি ও স্বার্থ এবং সম্পর্কাদি ছিল বা আছে তাহা অদ্য হইতে কোবালা দাতার চিরতরে রদ,রহিত,ধ্বংস ও বিলুপ্ত হইয়া কোবালা গ্রহীতার প্রতি সম্পুর্নরুপে বর্ত্তাইল ও অর্পিল । কোবালা গ্রহীতা অদ্য হইতে উহাতে একমাত্র মালিক ও স্বত্বাধীকারী হইলেন

প্রকাশ থাকে যে, নিম্ন তপশীল বর্নিত বিক্রীত সম্পত্তি বা তাহার কোন অংশ আমি বা আমার পক্ষে কেহ ইতিপূর্বে অপর কাহাকে দান, বিক্রয়,বন্ধক ও দায়াবদ্ধ করি নাই,বা উহাতে আমার অপর কোন শরীক অংশীদার,বেনামদার বা দাবীদার নাই, বা উক্ত সম্পত্তি অপর কাহাকেও বিক্রয় করিবার জন্য লিখিত বা মৌখিক চুক্তি করি নাই বা কোন দেনার দায়ে আটক বা আবদ্ধ নাই বা কোন ভাবে দায়যুক্ত করি নাই বা ব্যাঙ্কে কোন লোন বা সিকিউরিটিতে আটক বা আবদ্ধ নাই ,উহাতে কাহারো কোন কোনরুপ চার্জ বা ক্লেম নাই, বা উহাতে কোন প্রজা বিলি,লীজ বিলি,বা ভাড়া বিলি করি নাই বা গভর্নমেন্ট কর্ত্তৃক ল্যান্ড এ্যাকুইজিশান, রিকুইজিশান, ভেষ্ট,বা নিলাম হয় নাই, বা ঐরুপ হইবার জন্য অদ্যাবধি কোন নোটিশ পাই নাই ,উক্ত সম্পত্তিতে কোন দেবস্থান,বা পীরোস্থান নাই বা ছিল না, বা উহাতে কোন মামলা মোকর্দ্দমা জড়িত নাই, বা অন্য কোন ভাবে দায়যুক্ত করি নাই। সম্পুর্ন নির্দ্দায়,নির্দোষ ও পরিস্কার অবস্থায় কোবালা গ্রহীতার নিকট বিক্রয় করিয়া ও দখল দিয়া কোবালা দাতা আমি চিরতরে নিঃস্বত্ব ও বেদখলীকার হইলাম ।

Subhaman Singh

প্রকাশ থাকে যে, বিক্রীত সম্পত্তি সংক্রান্ত কাগজপত্র,স্বত্ব,দখল ও টাইটেলাদিতে কোন দোষত্রুটি থাকা প্রকাশ পায় কিংবা আমার উক্ত সম্পত্তিতে বিক্রয়যোগ্য স্বত্ব না থাকা প্রকাশ পাইয়া আপনার কোনরুপ ক্ষতি হয় তৎজন্য আমি সম্পুর্ন দায়ী থাকিলাম ও কোবালা গ্রহীতার যাবতীয় ক্ষতিপুরন দিতে আমি ওয়ারিশান স্থলাভিষিক্ত গনক্রমে সর্বদা বাধ্য থাকিলাম ও থাকিবেক

আর ও প্রকাশ থাকে যে, অত্র দলিলে কোন অংশে কোন প্রকার ভুল ত্রুটি থাকা প্রকাশ পাইয়া বা অন্য কোন আইন সঙ্গত কারনে আমার দ্বারা কোন সংশোধনী বা পরিপূরক দলিল সম্পাদনের আবশ্যক হইলে তাহা ও আমি বিনা পনে কোবালা গ্রহীতার খরচায় ওয়ারিশান গনক্রমে সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে সর্বদা বাধ্য থাকিলাম ও থাকিবেক ।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনা অনুরোধে স্বজ্ঞানে অত্র দলিল সর্বিশেষ পাঠ করিয়া মর্ম্ম সম্যক অবগত হইয়া উপরি লিখিত সকল শর্ত্ত আমি কোবালা দাতা ওয়ারিশান গনক্রমে মানিয়া চলিতে বাধা থাকিয়া স্বাক্ষীগনের সম্মুখে মূল্যের সাকুল্য টাকা নিম্ন টাকার জায় মত গ্রহন করিয়া অত্র কোবালা আপনার নাম ববাবর যথারীতি সহি সম্পাদন করিয়া দিলাম । ইতি ইংরাজী ২০১১ সালের ২০ শে জুলাই । মোতাবেক বাংলা ১৪১৮ সনের ৩ রা শ্রাবন

## তপশীলে বিক্রীত সম্পত্তির পরিচয় ।

========================================

(১) জেলা দক্ষিন ২৪ পরগনা, থানা ও এ্যাডিঃসাবরেজিষ্ট্রী অফিস মগরাহাট এলাকাধীন,পরগনা বরিদহাটী,মৌজা গোবিন্দপুর গ্রামে অবস্থিত,উড়েলচাঁদপুর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত,রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের বর্তমান মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিন ২৪ পরগনা কালেকটার বাহাদুর অধীনে জে,এল,নং ২০০,(এল,আর,জে,এল নং ১৬৯) তৌজি নং ১২০ভুক্ত । আর,এস ৩৪২ (তিন শত বিয়াল্লিশ) নং খতিয়ানভুক্ত মোট ২০৯ শতক জমির বার্ষিক খাজনা ৯.০০ টাকা জমার মধ্যে বিক্রীত ১১৮ শতক জমির বার্ষিক হারাহারী খাজনা ৫.০৯ টাকা জমা। যাহার বর্তমান এল,আর বা হল্কা খতিয়ান নং ১১৩৫ নং হইতেছে ।

Subrata Singh

আর,এস,-এবং এল,আর,২৯১ (দুই শত একানব্বুই) নম্বর দাগে বিক্রীত ৫৭ (সাতান্ন) শতক ডাঙ্গা জমি এবং

আর,এস, এবং এল,আর,২৯২ (দুই শত বিরানব্বুই) নং দাগে বিক্রীত ৬১ (একষট্টি) শতক ডাঙ্গা জমি ।

---

উপরোক্ত গোবিন্দপুর মৌজাস্থিত দুইটি দাগে অত্র দলিলে বিক্রীত মোট ১১৮ (এক শত আঠার) শতক জমি । এবং -----

(২) জেলা দক্ষিন ২৪ পরগনা,থানা মগরাহাট,মৌজা বেনীপুর গ্রামে অবস্থিত গোকরনী গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত,জে,এল,নং হল্কা-১৪৪,তৌজি নং ১২০ ভূক্ত। আর,এস,বা হাল ৯৮৩ (নয় শত তিরাশি) নং খতিয়ানভূক্ত (মোট ৩৮ শতক জমির বার্ষিক খাজনা ২.২৫ টাকা জমার মধ্যে) এল,আর,১৭৮৮নং খতিয়ানের অন্তর্গত বিক্রীত ১২ শতক জমির বার্ষিক হারাহারী খাজনা ৭১ পয়সা জমা ।

সাবেক -১৫৪৭নংদাগ,হাল,বা আর,এস, এবং এল,আর,১৮৪৮ (এক হাজার আট শত আটচল্লিশ) নং দাগে বিক্রীত ১২ বার শতক শালি জমি ।

---

উল্লেখিত ১নং এবং ২ নং দর্ফায় বর্নিত দুইটি মৌজার অধীন তিনটি দাগের অন্তর্গত অত্র দলিল সংলগ্ন নকসায় একলপ্তে লাল রঙ দ্বারা সীমারেখা পরিবেষ্টীত মাপসুরত কমবেশী সর্বমোট ১৩০ (এক শত ত্রিশ)) শতক পরিমিত ডাঙ্গা ও শালি জমি মায় নকসায় প্রদর্শিত রাস্তার যাবতীয় ব্যবহারিক ইজমেন্ট স্বত্বাদি সমেত সম্পত্তি অত্র কোবালার দ্বারা বিক্রীত সম্পত্তি হইতেছে । প্রকৃত বিক্রয় মূল্য ৬৫০,০০০.০০ টাকা এবং সরকারী নির্দ্ধারিত মূল্য ১৮,৪০,২১৬.০০ টাকা অত্র সহ নকসা অত্র দলিলের একাংশ বলিয়া গন্য হইবে ।

(৭)

## পোনের টাকার জায়

========================

অদ্য তারিখে নোটে ও নগদে ৬,৫০,০০০ (ছয় লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বুঝিয়া পাইয়া প্রাপ্তি স্বীকার করিলাম ।

মুসাবিদাকারক ঃ--
লাইসেন্স প্রাপ্ত দলিল লেখক
------------------------------
আবদুল রসিদ হালদার।
লাইসেন্স নং ৩১/১৫,
সোনারপুর এ্যাডিঃসাবরেজিষ্ট্রী অফিস।
==========================

টাইপকারকঃ--
সোনারপুর এ্যাডিঃসাবরেজিষ্ট্রী অফিস ।
============================

ইসাদি ঃ--
----------------------

১।

Gautam Das.
Mass - Education Centre.
Mahamayatala - Garia.
Calcutta - 84.

দাতা/সম্পাদনকারী



| | বৃদ্ধাঙ্গুলী | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বাম হাত | | | | | |
| ডান হাত | | | | | |




নাম মাস এডুকেশন এবং ইনটি-লে সং স্বাক্ষর Sukumar Singh
ইনটিগ্রেটেড রেঞ্জ এণ্ড পশ্চি-সম্পাদক
শ্রী সুকুমার সিং

MASS EDUCATION
Secretary

দাতা/গ্রহীতা



| | বৃদ্ধাঙ্গুলী | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বাম হাত | | | | | |
| ডান হাত | | | | | |



Mass Education Teachers Training Inst
নাম মাস এডুকেশন টিচার্স ট্রেনিং স্বাক্ষর Sukumar Singh
ইনস্টিটিউট এণ্ড পশ্চি- সভাপতি-
শ্রী সুকুমার সিং-
President Ac

দাতা/গ্রহীতা

| | বৃদ্ধাঙ্গুলী | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বাম হাত | | | | | |
| ডান হাত | | | | | |

নাম ........................ স্বাক্ষর ........................

দাতা/গ্রহীতা

| | বৃদ্ধাঙ্গুলী | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বাম হাত | | | | | |
| ডান হাত | | | | | |